দৈনিক ইনকিলাব 25

তারিখ 23 DEC 1986
পৃষ্ঠা 4 কলাম 3

# শিক্ষক স্বল্পতা রাঙ্গামাটি কলেজের প্রধান সমস্যা

রাঙ্গামাটি, ২২ ডিসেম্বর (সংবাদদাতা)।— রাঙ্গামাটি সরকারী কলেজে ৫২টি শিক্ষকের পদের মধ্যে ২৪টি শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষার্থীদের স্বাভাবিক লেখাপড়া ব্যাহত হচ্ছে।

রাঙ্গামাটি সরকারী কলেজ ১৯৬৫ সালে প্রতিষ্ঠিত হলেও উক্ত কলেজটি বর্তমানে বিভিন্নমুখী সমস্যায় জর্জরিত। তার মধ্যে প্রধান এবং উল্লেখযোগ্য সমস্যা হচ্ছে, শিক্ষক সমস্যা। উল্লেখ্য, ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষ থেকে মহামান্য প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের নির্দেশানুযায়ী রাঙ্গামাটি সরকারী কলেজে বিএসসি কোর্স শুরু হয়েছে। পদার্থবিদ্যা বিভাগে ১ জন, অংকে ২ জন এবং রসায়নে ২ জন শিক্ষক রয়েছে। এ স্বল্প সংখ্যক শিক্ষকের পক্ষে এক দিনে বিজ্ঞান বিভাগের (একাদশ ও দ্বাদশ) ক্লাসগুলো ছাড়াও বিএসসি কোর্সর ক্লাস নেয়া অকল্পনীয় ব্যাপার। শিক্ষক স্বল্পতার কারণে চলতি বছর পাস করা অনেক ছাত্র-ছাত্রী বিএসসি কোর্সে ভর্তি না হয়ে অন্য কোর্সে ভর্তি হবার চিন্তা-ভাবনা করছে।

অত্যন্ত দুর্ভাগ্যজনক হলেও সত্য যে, বাণিজ্য বিভাগেও শিক্ষক স্বল্পতার কারণে তাদের স্বাভাবিক লেখাপড়া ব্যাহত হচ্ছে। উল্লেখ্য, ১৯৮৪ সালে বদলী হয়ে যাওয়া একাউন্টেন্সীর শিক্ষকের পরিবর্তে এ পর্যন্ত আর কোন শিক্ষক উক্ত পদে যোগদান করেননি। যে ক'জন শিক্ষক আছেন তাদের পক্ষে একই দিনে বাণিজ্য বিভাগের (একাদশ ও দ্বাদশ) ক্লাসসহ বিকম কোর্সের ক্লাস নেয়া অতিরিক্ত বোঝা হিসেবে চিহ্নিত হচ্ছে।

শিক্ষক স্বল্পতার কারণে ১৯৮৫-৮৬ শিক্ষাবর্ষে বিজ্ঞান বিভাগের ন্যায় বাণিজ্য বিভাগেও স্বল্প সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে।

অন্যদিকে বিএ কোর্সের ছাত্র-ছাত্রীরা তুলনামূলকভাবে ভাল অবস্থায় থাকলেও তাদের যে শিক্ষক সমস্যা নেই তা নয়। এবারকার বি এ কোর্সের ছাত্র-ছাত্রীরা দর্শন পড়ার ইচ্ছা নিয়ে আবেদনপত্রে তিনটি বিষয়ের একটি হিসেবে চিহ্নিত করা সত্ত্বেও শিক্ষক স্বল্পতার দরুন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এফিলিয়েশন পাওয়া যায়নি। দর্শনের ন্যায় এমন কয়েকটি বিষয় আছে, যেগুলো শুধুমাত্র শিক্ষক স্বল্পতার কারণে ছাত্র-ছাত্রীরা অধ্যয়নের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

অন্যদিকে খেলাধুলায় অনগ্রসর রাঙ্গামাটি জেলা। অথচ, এই কলেজে খেলাধুলা তথা শরীরচর্চার কোন শিক্ষক না থাকায় ছাত্র-ছাত্রীরা খেলাধুলায় কোন দৃষ্টান্তমূলক ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে না।